যেদিকগুলির ওপর প্রাবন্ধিক আলো ফেলতে চাইলেন :

- বিংশ শতাব্দীতে লাইব্রেরির প্রয়োজন অপরিসীম।
- সংবাদপত্রের অতিরিক্ত চর্চা সাহিত্যরুচির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করছে।
- সাহিত্য চর্চা একটি উন্নত সভ্যতার প্রধান অঙ্গ।
- সাহিত্য-চর্চায় বাছ-বিচার থাকা আবশ্যক কারণ চতুর লেখককুল যেকোন প্রকারেই অপক্ব মনে চাপিয়ে দেওয়ার সক্ষমতা।
- প্রাচীন ভারত তথা সমগ্র ভারতীয় ঐতিহ্য নাগরিকে সভ্যতার পরিচয় প্রদান।
- বাৎস্যায়নের গ্রন্থের সূত্রানুসারে প্রাচীন ভারতীয় নাগরিকের গৃহসজ্জার বিবরণ এবং ঐ বিবরণ সূত্রে প্রাচীন নাগরিক জীবনযাত্রা সম্পর্কে ধারণা গঠন।

- স্বশিক্ষা শিক্ষা অপেক্ষা বিদ্যাশিক্ষার প্রকৃত যোগ্যতা ও কার্যকারিতা অনেক বেশি।
- সমকালীন সাহিত্যের চর্চা বেশ গুরুত্বপূর্ণ এবং ইউরোপে এর মর্যাদাও অনেক।
- প্রাচীন ভারতীয় সভ্যতায় বৈদগ্ধ্য বা culture নাগরিকের প্রধান গুণ বলে বিবেচিত হতো।
- প্রাচীন সমাজ থেকে ভারতীয় ঐতিহ্য সম্বন্ধে জ্ঞান লাভ করতে হলে ঐতিহাসিক ছবিগুলো নিয়ে সে সভ্যতার মূল্যায়ন করা আবশ্যক।
- সভ্য সমাজে কাব্যচর্চা বিলাসের অঙ্গ — কারণ — একমাত্র সকল প্রবীণ হীন মানুষেরই উপভোগ করার ক্ষমতা আছে।
- পৃথিবীর সকল সভ্যতারই কোন না কোন অন্ধকার দিক আছে, তাবলে সে সভ্যতা ঘৃণিত হয়ে যায় না।
- বৈদগ্ধ্য মনুষ্যত্ব রক্ষাকারী একটি গুণ।
- মার্জিত রুচি, সংযত বোধ ও বিনীত ব্যবহার যা মানুষকে রুচিসম্পন্ন করে তোলে, তা প্রাপ্তির জন্য কলা বা Art এর চর্চা একান্ত প্রয়োজন।
- এযুগের রোমান্টিক সাহিত্যে আর্টের যোগ কম আত্মার যোগ বেশি, একালের কবি জনপ্রতিনিধি নয়, তিনি আপন মনের কারবারি।
- নাগরিকের কাব্যচর্চার ফলেই প্রাচীন ক্লাসিক সাহিত্য অসামান্য সুষমা ও সামঞ্জস্য লাভ করেছে।
- একালের লৌকিক ধর্মের প্রাধান্য মেটিরিয়ালিজম এর দিকে যায়, এই একান্ত প্রবণতা থেকে রক্ষা পাবার জন্য আর্টের চর্চা আবশ্যক।
- সাহিত্যচর্চা শিক্ষার সর্বপ্রধান অঙ্গ।
- ইংরেজের সভ্যতার সংস্পর্শে দীর্ঘকাল থেকেও আমরা ধনতন্ত্রের গুণগুলিকে হৃদয়ঙ্গম করতে পারিনি কিন্তু ধনতন্ত্রের দোষগুলিকে আত্মসাৎ করেছি, এর দ্বারা এটা প্রমাণ হয় যে, অসুখ সংক্রামক কিন্তু সুস্বাস্থ্য নয়।
- এ সমাজ একথা সত্য বলে মেনে নিয়েছে যে, জ্ঞানের ভাণ্ডার ধনের ভাণ্ডার নয় কিন্তু এটা কেউ বুঝে উঠতে পারছেন না যে, জ্ঞানের ভাণ্ডার শূন্য থাকলে ধন ভাণ্ডার ও ফাঁকাই থেকে যাবে।
- ধন যেমন জীবন আবশ্যক তেমনি জ্ঞান আত্মার-মন আবশ্যক। আর এই মানবমনকে সচল ও সমৃদ্ধ করার ভার দেওয়া আছে সাহিত্যের উপর।
- কারণ মানব মনের পূর্ণ-অংশের সন্ধান কেবল সাহিত্যেই মেলে। অন্য চর্চায় যা পাওয়া যায় তা মনের ভগ্নাংশ কিন্তু সাহিত্য দেয় ভেতর-মনের সত্য ও বাইরের সত্য — এই দুইয়ের সমন্বয়।
- সাহিত্য ছাড়া জীবনপাতের উপায় নেই, তাই বই পড়া একান্ত আবশ্যক আর বই পড়ার জন্য চাই লাইব্রেরি। একমাত্র লাইব্রেরিই বই-এর জোগান